

# যুগান্তর

প্রিন্ট: ২৯ অক্টোবর ২০২৫, ০৯:৪০ এএম

ভর্তি

## বেসরকারি স্কুলে ২০২৬ শিক্ষাবর্ষে লটারিতে ভর্তি ও সব কোটা বাতিলের দাবি অভিভাবক ঐক্য ফোরামের



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ২৯ অক্টোবর ২০২৫, ০২:৪১ এএম



২০২৬ শিক্ষাবর্ষে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে—বিশেষ করে স্কুল পর্যায়ে—সব শ্রেণিতে লটারির মাধ্যমে শিক্ষার্থী ভর্তি এবং সব ধরনের কোটা বাতিলের দাবি জানিয়েছে অভিভাবক ঐক্য ফোরাম।

মঙ্গলবার এক যৌথ বিবৃতিতে সংগঠনটির সভাপতি বীর মুক্তিযোদ্ধা মো. জিয়াউল কবির দুলু এবং সাধারণ সম্পাদক মো. সেলিম মিয়া বলেন, শিক্ষার্থীর স্বার্থে ভর্তি প্রক্রিয়াকে সম্পূর্ণভাবে স্বচ্ছ ও জবাবদিহিমূলক করতে হলে সব শ্রেণিতেই লটারির মাধ্যমে ভর্তি নিশ্চিত করতে হবে।

তারা বলেন, লটারির মাধ্যমে ভর্তি করানো হলে ভর্তি সংক্রান্ত অনিয়ম, বৈষম্য ও দুর্নীতির সুযোগ অনেকাংশে কমে আসবে। এতে কোমলমতি শিক্ষার্থীরা ভর্তি কোচিংয়ের চাপ থেকে রেহাই পাবে।

বিবৃতিতে তারা আরও বলেন, ভর্তি পরীক্ষার মাধ্যমে পুনরায় ভর্তি প্রথা চালু করা হলে কোচিং বাণিজ্য আরও সম্প্রসারিত হবে, অভিভাবকরা অসম প্রতিযোগিতায় পড়বে এবং আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হবে।

নেতৃদ্বয় দাবি করেন, ভর্তি নীতিমালায় শিক্ষা মন্ত্রণালয়ের কোটাসহ সব ধরনের কোটা বাতিল করলে শিক্ষা মন্ত্রণালয় বিতর্কের ঊর্ধ্বে থাকবে এবং ভর্তি প্রক্রিয়ায় স্বচ্ছতা, ন্যায্যবিচার ও জবাবদিহিতা নিশ্চিত হবে।

তারা শিক্ষার্থী ভর্তিতে অতিরিক্ত বাড়তি ফি আরোপ না করারও দাবি জানান।